



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০১.১৮-

তারিখঃ ১০/১২/২০১৮খ্রিঃ

**বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের কর্মসম্পাদন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়স্বতন্ত্র কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রকাশিতব্য বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০১৭-২০১৮ অর্থ বছরের কর্মসম্পাদন প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৫ (পাঁচ) পাতা।

প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা  
চেয়ারম্যান  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

সচিব  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



## ২০১৭-২০১৮ অর্থ বছরের কর্মসম্পাদন



### ❖ জনদূর্ভোগ লাঘবে ই-অফিস ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণঃ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মান কর্মসূচি বাস্তবায়নে বদ্ধ পরিকর। এরই ধারাবাহিকতায় জনদূর্ভোগ লাঘবে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বাধিক ব্যবহার নিশ্চিত করেছে। বাংলাদেশের সেন্ট মার্টিন থেকে বাংলাবন্দ সীমানার মধ্যে অবস্থিত প্রায় ৯,৫০০ মাদ্রাসার প্রধানগণের দোরগোড়ায় সেবা প্রদান নিশ্চিত করেছে। মাদ্রাসার প্রধানগণের যাতায়াত ভোগান্তি, আর্থিক ক্ষতি নিরসনকল্পে এবং বোর্ডের সেবাকে তৃণমূল পর্যায়ে পৌছে দেওয়ার লক্ষ্যে অত্র বোর্ডের চেয়ারম্যানের নেতৃত্বে কর্মকর্তা ও কর্মচারীদের সহযোগিতায় একটি প্রযুক্তি নির্ভর আইডিয়া উদ্ভাবন অর্থাৎ ই-অফিস ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে। এই অনলাইন পদ্ধতির মাধ্যমে সারাদেশের মাদ্রাসাসমূহের পরিচালনা কমিটি (গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি) এর অনুমোদন, বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন এবং একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি (নবায়ন) কাজ সম্পন্ন করা হচ্ছে। উক্ত উদ্ভাবনী কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পে প্রশংসিত হয়েছে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত **Success Story**-তে তা স্থান পেয়েছে। ইতোমধ্যে এডহক কমিটি সংক্রান্ত ১৭১৯টি আবেদন, ম্যানেজিং কমিটি সংক্রান্ত ২৭৫৯টি আবেদন, গভার্ণিং বডি সংক্রান্ত ৫১৪টি আবেদন, বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন সংক্রান্ত ৬৯৬টি আবেদন এবং একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি (নবায়ন) সংক্রান্ত ২৫২২টি আবেদন অনলাইনের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।



### ❖ e-Filing পদ্ধতির প্রবর্তনঃ

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসারে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগসহ সকল মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, দপ্তর ও সংস্থা, সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার এর সাথে e-Filing এর মাধ্যমে নথি নিষ্পত্তির কার্যক্রম সম্পন্ন হচ্ছে। ইতোমধ্যে ৫০ টি নথি e-Filing এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

### ❖ মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নের লক্ষ্যে যুগোপযোগী শিক্ষাক্রম উন্নয়নঃ

জাতীয় শিক্ষানীতি-২০১০ এর নির্দেশনা, পরিবর্তিত জাতীয় ও বৈশ্বিক পরিস্থিতি এবং সমকালীন জীবনের চাহিদা বিবেচনা করে মাদ্রাসা শিক্ষার ইবতেদায়ী, জুনিয়র দাখিল, দাখিল এবং আলিম স্তরের সকল শ্রেণির ইসলাম ও আরবি বিষয়সমূহের শিক্ষাক্রম পরিমার্জন/উন্নয়ন করা হয়েছে। শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়নের ক্ষেত্রে ইসলামি আখলাক আকিদা ও মূল্যবোধ চর্চা, জিজ্ঞাসাবাদ প্রতিরোধ, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা বিকাশের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয়েছে।



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



## ❖ সাধারণ ও মাদ্রাসা শিক্ষা ধারায় অভিন্ন শিক্ষাক্রম ও পাঠ্যসূচির প্রচলনঃ

সাধারণ শিক্ষা ধারার শিক্ষার্থীদের ন্যায় মাদ্রাসা শিক্ষা ধারার শিক্ষার্থীদের মধ্যে কতগুলো মৌলিক বিষয়ে সমগুণাবলি অর্জন এবং অভিন্ন দৃষ্টিভঙ্গি গড়ে তোলার লক্ষ্যে ২০১৫-২০১৬ অর্থ বছর থেকে নিম্নের বিষয়সমূহে অভিন্ন শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুসৃত হচ্ছে-

- ✓ বাংলা- ১ম ও ২য় পত্র
- ✓ ইংরেজি- ১ম ও ২য় পত্র
- ✓ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- ✓ গণিত
- ✓ বিজ্ঞান
- ✓ বাংলাদেশ ও বিশ্বপরিচয়

এছাড়া ২০১৬-২০১৭ অর্থ বছরে নিম্নের বিষয়সমূহে অভিন্ন শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুসৃত হওয়ার নিমিত্ত ধারাবাহিক মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে-

- ✓ শারীরিক শিক্ষা ও স্বাস্থ্যবিজ্ঞান
- ✓ ক্যারিয়ার শিক্ষা

## ❖ মাদ্রাসা শিক্ষার গুণগত মানোন্নয়নঃ

- ✓ **মাদ্রাসার পাঠ্যপুস্তকের ইন্টার্যাকটিভ ডিজিটাল ভার্সন উন্নয়নঃ** মাদ্রাসা শিক্ষার ৬ষ্ঠ শ্রেণির কুরআন মজিদ, আকাইদ ও ফিকহ, আরবি ১ম এবং আরবি ২য়পত্র এ ৪টি বিষয়ের পাঠ্যপুস্তকের ইন্টার্যাকটিভ ডিজিটাল ভার্সন (IDMT) উন্নয়ন করা হয়েছে। দেশের ৩৯টি মাদ্রাসা নির্বাচন করে এ উন্নয়নকৃত IDMT পরীক্ষামূলকভাবে ব্যবহার করে তা চূড়ান্ত করা হয়েছে। পরবর্তীতে মাননীয় শিক্ষামন্ত্রী গত ১৭/১২/২০১৬খ্রিঃ তারিখে উক্ত ইন্টার্যাকটিভ ডিজিটাল ভার্সন (IDMT) এর শূভ উদ্বোধন করেছেন, যা বর্তমানে সকলের ব্যবহারের জন্য ওয়েব সাইটের মাধ্যমে অবমুক্ত করে দেয়া হয়েছে।



- ✓ **পাঠ্যপুস্তক মাদ্রাসা শিক্ষার বৈশিষ্ট্য উপযোগী পরিমার্জনঃ** ইবতেদায়ী ১ম থেকে দাখিল ৯ম-১০ম পর্যন্ত সর্বমোট ৫৩টি পাঠ্যপুস্তক মাদ্রাসা শিক্ষার বৈশিষ্ট্য উপযোগী পরিমার্জন করে তা এনসিসিসিতে অনুমোদনের পর শ্রেণিতে প্রচলন করা হয়েছে।

- ✓ **পাঠ্যপুস্তকের যৌক্তিক মূল্যায়নঃ** এনসিসিটির ন্যায় মাদ্রাসা শিক্ষা বোর্ড মাদ্রাসা শিক্ষা ধারার আরবি ও ইসলামি বিষয়সমূহের পাঠ্যপুস্তক যৌক্তিক মূল্যায়নের কার্যক্রম গ্রহণ করেছে। যৌক্তিক মূল্যায়নের কাজ সম্পন্ন করার জন্য বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ কমিটির প্রস্তাবনা তৈরি করে তা শিক্ষা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় হতে অনুমোদন প্রাপ্তির পর গঠিত বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে কয়েকটি কর্মশালার আয়োজন করে ইতোমধ্যে পাঠ্যপুস্তক যৌক্তিক মূল্যায়নের কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। কারিকুলাম উন্নয়ন ও পাঠ্যপুস্তক পুনঃ প্রণয়নের কার্যক্রম চলমান আছে।

## ❖ ইবতেদায়ী স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক চার রঙে মুদ্রণঃ

প্রাথমিক বিদ্যালয়য়ের শিক্ষার্থীদের ন্যায় ইবতেদায়ী স্তরে (১ম থেকে ৫ম) শিক্ষার্থীদের জন্য সকল বিষয়ের পাঠ্যপুস্তক চার রঙে মুদ্রিত হচ্ছে।

## ❖ মাদ্রাসা শিক্ষায় বৃত্তি চালুকরণঃ

জাতীয়ভাবে জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষা গ্রহণ এবং মেধারভিত্তিতে বৃত্তি প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

- ✓ মাদ্রাসা শিক্ষা ধারার ইবতেদায়ী স্তরে ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৭ হাজার ৫০০ শিক্ষার্থীকে ট্যালেন্টপুল এবং ১৫ হাজার শিক্ষার্থীকে সাধারণ গ্রেডে বৃত্তি প্রদান করা হচ্ছে।
- ✓ জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৩০০০ শিক্ষার্থীকে ট্যালেন্টপুল এবং ৬০০০ শিক্ষার্থীকে সাধারণ গ্রেডে বৃত্তি প্রদান করা হচ্ছে।



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



## ❖ স্বল্প সময়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশঃ

প্রতিবছর জাতীয়ভাবে নির্ধারিত সময়ে ইবতেদায়ী, জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষা গৃহীত হচ্ছে। ইবতেদায়ী ও জেডিসি পরীক্ষা গ্রহণ শেষে ৩০ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করা হচ্ছে এবং দাখিল ও আলিম পরীক্ষা গ্রহণ শেষে সাধারণ বোর্ডের ন্যায় ৬০ দিনের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হচ্ছে।

## ❖ বোর্ডের কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহারঃ

মাদ্রাসা শিক্ষায় তথ্য প্রযুক্তির সফল ব্যবহার নিশ্চিত করা হয়েছে। এরই অংশ হিসাবে-

- অনলাইনের মাধ্যমে জেডিসি, দাখিল ও আলিম শিক্ষার্থীদের নিবন্ধন (e-SIF), পরীক্ষার ফরম পূরণ (eFF) করা হচ্ছে।
- পরীক্ষা গ্রহণের যাবতীয় কার্যক্রম যথা ফলাফল প্রক্রিয়াকরণ ও স্বল্প সময়ে প্রকাশ, ফলাফল পুনঃনিরীক্ষণ, নম্বরপত্র, সনদপত্র প্রদান ও পরীক্ষক নিয়োগসহ যাবতীয় কার্যক্রম তথ্য প্রযুক্তির মাধ্যমে অনলাইনে সম্পন্ন করা হচ্ছে।
- বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসায় (৯৩৯৭টি) বোর্ডের নিজস্ব ডোমেইন নামের ওয়েব পোর্টালের আওতায় ইন্টারন্যাটিকিভ ওয়েব সাইট খুলে দেয়া হয়েছে।
- মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা মোতাবেক বোর্ডের নিজস্ব ওয়েব সাইটটি ([www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd)) NPF (ন্যাশনাল পোর্টাল ফ্রেমওয়ার্ক) এর আওতায় এটুআই প্রকল্পের কারিগরি সহায়তায় উন্নয়ন করা হয়েছে এবং বোর্ডের ০২ জন আইসিটি কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করে তা নিয়মিত আপডেট করা হচ্ছে।
- পরীক্ষার ফলাফল সহজে ও স্বল্প সময়ে প্রাপ্তির লক্ষ্যে এসএমএস পদ্ধতি চালু করা হয়েছে।
- ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন এসএমএস এর মাধ্যমে গ্রহণ করা হচ্ছে।
- পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাবলি অটোমেশন এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। উল্লিখিত কাজগুলো সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে মাদ্রাসার শিক্ষকদের তথ্যপ্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ ও ই-সেবা প্রদানের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের কার্যক্রম দ্রুত এগিয়ে চলছে।
- অনলাইনের মাধ্যমে পাবলিক পরীক্ষার মাদ্রাসার কেন্দ্র হতে দৈনন্দিন তথ্য গ্রহণ করা হচ্ছে।
- ছবিসহ পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি অনলাইনে প্রদান করা হচ্ছে।

## ❖ ই-গভার্নেন্স প্রবর্তনঃ

- ই-টেন্ডারিং এর উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষিত করে ই-টেন্ডারিং এর মাধ্যমে বোর্ডের সকল ক্রয়কার্য সম্পন্ন করা হচ্ছে।
- ই-গভার্নেন্স প্রবর্তনের লক্ষ্যে ১ম পর্বে অত্র বোর্ডের ২০ জন কর্মকর্তা ও কর্মচারীকে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ই-গভার্নেন্স সিস্টেম বাস্তবায়ন পর্যায়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল ধরনের আবেদনপত্র অনলাইনে গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।

## ❖ মাদ্রাসায় উচ্চ শিক্ষা চালু ও সমপ্রতিযোগিতার ক্ষেত্র হিসাবে স্বীকৃতিঃ

মাদ্রাসা শিক্ষার সকল স্তরকে সাধারণ শিক্ষার সমমান প্রদানের মাধ্যমে সকলের জন্য সমপ্রতিযোগিতার ক্ষেত্র প্রস্তুত করা হয়েছে। প্রথম পর্যায়ে (২০১৫-২০১৬ অর্থ বছরে) ৩১টি এবং ২য় পর্যায়ে (২০১৬-২০১৭ অর্থ বছরে) ২১টি সর্বমোট ৫২টি মাদ্রাসায় ফাজিল শ্রেণিতে ৫টি বিষয়ে অনার্স কোর্স খোলা হয়েছে। বিষয়সমূহ হচ্ছে- ১) আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ, ২) আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ, ৩) আদ দাওয়া এন্ড ইসলামিক স্টাডিজ, ৪) আল আদাবাল আরবী (আরবি সাহিত্য) ও ৫) ইসলামের ইতিহাস।

## ❖ বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণঃ

বর্তমান সরকারের সময় হতে প্রথমবারের মত ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত মাদ্রাসার সকল শিক্ষার্থীর মধ্যে বিনামূল্যে পাঠ্যবই বছরের প্রথম দিনেই বিতরণ করা হচ্ছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে ইবতেদায়ী ১ম থেকে দাখিল (ভোকেশনালসহ) ৯ম শ্রেণি পর্যন্ত ৫৪,৭৯,৯৬০ জন শিক্ষার্থীর জন্য ৫,৬২,৯৮,৫০৭টি পাঠ্যপুস্তক এনসিটিবির মাধ্যমে মুদ্রণ করা হয়েছে এবং তা বিনামূল্যে বিতরণ করা হয়েছে।



মাননীয় প্রধানমন্ত্রী মাদ্রাসার শিক্ষার্থীর নিকট বই বিতরণ করছেন

## পাঠ্যপুস্তক উৎসব



### ❖ মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণঃ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত মাদ্রাসাসমূহের পরিচালনা কমিটি (গভার্ণিং বডি / ম্যানেজিং কমিটি / এডহক কমিটি) অনুমোদন, একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি (নবায়ন) এর আবেদন সংক্রান্ত যাবতীয় কার্যাদি অনলাইনের মাধ্যমে সম্পাদনের জন্য একটি প্রোগ্রাম গত ৩০/০৪/২০১৭খ্রিঃ তারিখ থেকে সকল প্রতিষ্ঠানের জন্য উন্মুক্ত করে দেয়া হয়েছে। উক্ত আবেদনসমূহ করার নিয়মাবলী/প্রক্রিয়া সম্পর্কে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগের সকল মাদ্রাসার সুপার/অধ্যক্ষ ও কম্পিউটার শিক্ষক/কর্মচারী মোট ০২ জন করে প্রায় ১৫০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



### ❖ কমিটি সংক্রান্ত প্রবিধানমালা প্রণয়নঃ

মাদ্রাসাগুলোর সুষ্ঠু পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য একটি আধুনিক ও গণতান্ত্রিক প্রবিধানমালা-২০০৯ প্রণয়ন ও এর আলোকে মাদ্রাসার গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি গঠনের প্রক্রিয়া চালু করা হয়েছে। এছাড়া আদালতের আদেশে সংবিধানের ৫ম সংশোধনী বাতিল হওয়ায় মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ-১৯৭৮ সংসদ কর্তৃক সংরক্ষণ করা হয়েছে এবং অধ্যাদেশকে আইনে রূপান্তরের কার্যক্রম চলমান আছে।

### ❖ মাদ্রাসার শিক্ষাকে প্রকল্পভুক্ত করণঃ

ADB'র অর্থায়নে Capacity Development for Madrasah Education প্রকল্পের অধীনে মাদ্রাসা শিক্ষার উন্নয়নে সমীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এছাড়া ADB'র আর্থিক সহায়তায় নির্বাচিত মাদ্রাসাসমূহে উন্নতমানের সরঞ্জামাদি সরবরাহ ও কারিগরি ল্যাব স্থাপন করা হয়েছে। মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নে এর শিক্ষাক্রম, শিক্ষা উপকরণ, মূল্যায়ন পদ্ধতির পরিমার্জন ও উন্নয়ন কার্যক্রম প্রকল্পভুক্ত করা হয়েছে।



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



## ❖ মাদ্রাসা শিক্ষকদের বেতন বৃদ্ধিঃ

সরকার কর্তৃক ২০১৫-২০১৬ অর্থ বছরে এবেতেদায়ী শিক্ষকদের বেতন প্রতি মাসে ৫০০/- থেকে বৃদ্ধি করে ১০০০/- টাকায় উন্নীত করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে এবেতেদায়ী শিক্ষকদের বেতন ২,৫০০/- টাকায় উন্নীত করার বিষয়ে আলোচনা চলমান রয়েছে।

## ❖ পাবলিক পরীক্ষার ফলাফলঃ

পরীক্ষার সন	জেডিসি			দাখিল			আলিম		
	মোট পরীক্ষার্থী	উত্তীর্ণের সংখ্যা	পাশের হার	মোট পরীক্ষার্থী	উত্তীর্ণের সংখ্যা	পাশের হার	মোট পরীক্ষার্থী	উত্তীর্ণের সংখ্যা	পাশের হার
২০১৮	-	-	-	২৮৯৭৪৭	২০৩৩৮২	৭০.৮৯%	-	-	-
২০১৭	৩৭৮৫৭৯	৩১১২৪৭	৮৬.৮০%	২৫৬৫০৪	১৯৩০৫১	৭৬.২০%	৯৯৩২০	৭৪৫৬১	৭৭.০২%
২০১৬	৩৫৩৬৪৩	৩৩২৪৭৯	৯৪.০২%	২৪৬৩৩৬	২১৭৫০০	৮৮.২৯%	৮৯৬০৩	৭৯০৭৭	৮৮.২৫%



মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ফলাফল হস্তান্তর

## ❖ দাখিল ও আলিম স্তরের মাদ্রাসার পাঠদান অনুমতি, একাডেমিক স্বীকৃতি, দাখিল বিজ্ঞান বিভাগ ও আলিম বিজ্ঞান বিভাগ খোলার অগ্রগতির তথ্যাদি:

খাত	অগ্রগতির পরিসংখ্যান (অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা)
দাখিল ৯ম শ্রেণি প্রাথমিক পাঠদান অনুমতি	২৯ টি
দাখিল স্তরে একাডেমিক স্বীকৃতি	৪০ টি
দাখিল ৯ম শ্রেণিতে বিজ্ঞান বিভাগ খোলা	৫৪ টি
আলিম ১ম বর্ষ প্রাথমিক পাঠদান অনুমতি	০৭ টি
আলিম স্তরে একাডেমিক স্বীকৃতি	৪৫ টি
আলিম স্তরে বিজ্ঞান বিভাগ খোলা	০৯ টি

প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা  
চেয়ারম্যান  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮